

গুচ্ছ নয়, নিজস্ব ব্যবস্থাপনায় ভর্তি পরীক্ষা নিবে ইবি

ইবি প্রতিনিধি

১৯ মার্চ ২০২৩ ০৫:২১

পিএম | আপডেট: ১৯ মার্চ

২০২৩ ০৫:২৬ পিএম

1
Shares



advertisement

ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) গুচ্ছ পদ্ধতিতে না গিয়ে নিজস্ব পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। আসন্ন ২০২২-২৩ শিক্ষাবর্ষ থেকে স্নাতক প্রথম বর্ষে এ ভর্তি কার্যক্রম শুরু হবে বলে জানানো হয়েছে।

আজ রোববার বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তনে অনুষ্ঠিত ১২৫তম একাডেমিক কাউন্সিলের সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

advertisement

একাডেমিক কাউন্সিলের সভা শেষে বিষয়টি নিশ্চিত করেছেন শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন। আগামীকাল সোমবার বিষয়টি উপাচার্য মহোদয় ইউজিসির সভায় উত্থাপন করবেন বলে জানান তিনি।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন বলেন, ‘গত দুই বছরে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি, স্বত্তির বদলে ভোগান্তি বাড়িয়েছে। এসব সমস্যা কাটিয়ে শিক্ষার্থীদের দ্রুত ভর্তি নিশ্চায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উপাচার্য মহোদয় ইউজিসির সভায় এই বিষয়টি উত্থাপন করবেন। ভর্তি পরীক্ষা সংক্রান্ত পরবর্তীতে আরেকটি সভা হবে, সেখানে আমরা সার্বিক বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিবো।’

advertisement

ইবি প্রশাসন সূত্রে জানা যায়, চলমান নবীন শিক্ষাবর্ষ ২০২১-২২ ভর্তি পরীক্ষার আগেও নিজস্বভাবে পরীক্ষা নেওয়ার দাবি জানিয়েছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। গুচ্ছ কমিটি থেকে বিভিন্ন জটিলতা নিরসনে ব্যবস্থা নেয়ার আশ্চর্যসে গুচ্ছে পরীক্ষা নেওয়ার পক্ষে মতামত দেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তবে দেখা যায় ভোগান্তি আরও বহুগুণ বৃদ্ধি পেয়েছে। বার বার গণবিজ্ঞপ্তি দিয়েও শিক্ষার্থী পূর্ণ করতে পারেনি বিশ্ববিদ্যালয় প্রশাসন। ভোগান্তির কথা ভেবেই নিজস্ব পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ইবি শিক্ষকরা। যার চূড়ান্ত সিদ্ধান্ত আজ বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিলের সভায় নেওয়া হয়।

শিক্ষক সমিতি সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে সভায় কয়েকটি সুপারিশ করা হয়েছে। এরমধ্যে রয়েছে, অন্তিবিলম্বে ভর্তি কার্যক্রম শুরু করা, পহেলা জুলাই নতুন বর্ষের ক্লাস শুরু করা, আবেদনের জন্য ন্যূনতম ফি নির্ধারণ এবং শিক্ষার্থীদের ভোগান্তি করাতে ভর্তি পরীক্ষার পর শুধু ভর্তি হওয়ার জন্যই ক্যাম্পাসে আসবে এবং বাকী কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

মানববন্ধন

গুচ্ছ ভর্তি পরীক্ষা থেকে বেরিয়ে এসে একক পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণের দাবিতে আজ রোববার সকালে ইবিতে মানববন্ধন করেছে সাধারণ শিক্ষার্থীরা। সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের মৃত্যুঞ্জয়ী মুজিব মুরাল চত্বরে মানববন্ধনটি অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে শিক্ষার্থীদের হাতে ‘গুচ্ছ হটাও বিশ্ববিদ্যালয় বাঁচাও’, ‘গুচ্ছের জটিল ভর্তি কার্যক্রম রাহিত করো’, ‘গুচ্ছের পরিণতি বিশ্ববিদ্যালয়ের অবনতি’, ‘বিশ্ববিদ্যালয়ের অতীত ঐতিহ্য ফিরিয়ে দাও’, ‘সময় বিনষ্টকারী গুচ্ছ কার্যক্রম বাতিল করো’, ‘এক দফা এক দাবি, গুচ্ছ থেকে হোক মুক্তি’ সহ বিভিন্ন লেখা সম্বলিত ফেস্টুন দেখা